



Ref.: .....

Date: ২৯/০৯/২০১৮

### প্রবন্ধ জমা দেয়ার সময় বৃদ্ধির বিজ্ঞপ্তি

ইসলামী বিশ্ববিদ্যালয়ের থিওলজি এন্ড ইসলামিক স্টাডিজ অনুষদের 'দি ইসলামিক ইউনিভার্সিটি স্টাডিজ' জার্নাল-এর ভলিউম ২১, সংখ্যা-১ এ প্রকাশের জন্য প্রবন্ধ আহ্বান করা হয়েছে। উক্ত জার্নালে প্রবন্ধ জমা দেয়ার সময় আগামী ২৮/১০/২০১৮ তারিখ পর্যন্ত বৃদ্ধিকরা হলো। বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

### গবেষকের প্রবন্ধ আহ্বান

ইসলামী বিশ্ববিদ্যালয়ের থিওলজি এন্ড ইসলামিক স্টাডিজ অনুষদের 'দি ইসলামিক ইউনিভার্সিটি স্টাডিজ' জার্নাল-এর ভলিউম ২১, সংখ্যা-১ এ প্রকাশের জন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও গবেষকগণের নিকট থেকে প্রবন্ধ আহ্বান করা যাচ্ছে। প্রবন্ধ আগামী ২৮-১০-২০১৮ তারিখের মধ্যে জার্নাল সম্পাদনা বোর্ডের সম্পাদক আল-হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগের প্রফেসর ড. মুহাম্মদ আশরাফুল আলম-এর নিকট/ তাঁর অফিসে মুখবন্ধ খামে) অফিস চলাকালীন সময়ে জমা দিতে অনুরোধ করা হলো।

### শর্তাবলী:

১. প্রবন্ধ অবশ্যই আল-কুরআন, আল-হাদীস, দা'ওয়াহ ও ইসলামের যে কোন বিষয়ের সাথে সংশ্লিষ্ট হতে হবে এবং প্রবন্ধ সর্বোচ্চ ১৫ পৃষ্ঠার মধ্যে (২০০০ থেকে ৫০০০ শব্দ) সীমিত হতে হবে।
২. প্রবন্ধ বাংলায় Sutonny MJ এবং Times New Roman ফন্টে Font Size 14 লাইন স্পেস 1.5, A4 সাইজ কাগজের এক পৃষ্ঠায় Top-1.2, Bottom-1, Left-1.4 ও Righth-0.9 মার্জিন ও প্যারাগ্রাফ Before 12, After-6 Justify হিসেবে লিখিত হতে হবে।
৩. একজন গবেষক একটি সংখ্যার জন্য একক/যৌথভাবে ১টি প্রবন্ধ জমা দিতে পারবেন। একই প্রবন্ধে ২ জনের অধিক লেখক থাকবেন না। ইসলামী বিশ্ববিদ্যালয়ের থিওলজি এন্ড ইসলামিক স্টাডিজ অনুষদভুক্ত শিক্ষক/গবেষকগণ ব্যতীত সকল পাবলিক ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/গবেষকগণ ইবি'র থিওলজি এন্ড ইসলামিক স্টাডিজ অনুষদভুক্ত বিভাগসমূহের একজন শিক্ষকের সাথে যৌথভাবে প্রবন্ধ জমা দিতে পারবেন।
৪. লিখিত প্রবন্ধের ৩ কপি হার্ড কপি জমা দিতে হবে এবং MS Word 'RTF' (Rich Text Format) ফরমেট প্রবন্ধের সফট কপি(drashrafiuk@gmail.com) ঠিকানায় প্রেরণ করতে হবে। প্রবন্ধ চূড়ান্ত অনুমোদনের পর প্রয়োজনীয় সংশোধন/পরিমার্জন শেষে তার সফট কপি উক্ত ই-মেইল ঠিকানায়/সিডি/পেনড্রাইভ নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে।
৫. জার্নালের মূল বডিতে কোথাও লেখকের নাম, পদবী ও ঠিকানা লেখা যাবে না। প্রবন্ধের কভার পেজে লেখকের নাম, পদবী, ঠিকানা ও মোবাইল নম্বর এবং গবেষকের ক্ষেত্রে রেজিস্ট্রেশন নম্বর, মোবাইল নম্বর ও শিক্ষাবর্ষসহ বিস্তারিত তথ্যাবলী লিখতে হবে।



Ref.: .....

Date: .....

৬. হেডিং ও টাইটেল: প্রবন্ধের হেডিং ও টাইটেলের Font Sizw 18 হবে। টাইটেলের নিচে কোন আন্ডারলাইন দেয়া যাবে না এবং টাইটেলের উদ্ধৃতিচিহ্ন ব্যবহার করা যাবে না।
৭. প্রবন্ধের শুরুতে ১০০ থেকে ২০০ শব্দের সারসংক্ষেপ (Abstract) থাকতে হবে। সার সংক্ষেপ কাগজের উভয় পাশে ইঞ্চি ছাড় রাখতে হবে।
৮. তথ্য ও সংযুক্তি:
  - ক. প্রবন্ধে তথ্য সংযুক্তির ক্ষেত্রে স্বীকৃত গবেষণা পদ্ধতি অনুসরণ করতে হবে। যেমন, পর্যায়ক্রমে লেখকের নাম, গ্রন্থের নাম (প্রকাশেরস্থান: প্রকাশনা সংস্থা, সংস্করণ ও প্রকাশন সন), খণ্ড ও পৃষ্ঠা নং থাকবে।
  - খ. প্রবন্ধের ক্ষেত্রে প্রবন্ধকারের নাম, উদ্ধৃতি চিহ্নের মধ্যে 'প্রবন্ধের শিরোনাম' জার্নাল বা গ্রন্থের নাম (ইটালিক), ভলিউম নম্বর, খণ্ড, প্রকাশের তারিখ ও পৃষ্ঠা নম্বর সুস্পষ্টভাবে সংযুক্ত করতে হবে।
  - গ. ইন্টারনেট থেকে তথ্য সংযুক্তির ক্ষেত্রে ওয়েবসাইটের ঠিকানা ও সংশ্লিষ্ট তথ্যাদি সুস্পষ্টভাবে সংযুক্ত করতে হবে।
৯. প্রবন্ধ এম.ফিল অথবা পিএইচ.ডি থিসিসের অংশ হতে পারবে না এবং অন্য কোথাও প্রকাশিত হয়ে থাকলে তা জমা দেয়া যাবে না।
১০. জার্নাল প্রকাশিত হলে লেখক/লেখকগণ এক কপি করে জার্নাল সৌজন্য হিসেবে পাবেন।
১১. জার্নালে প্রকাশের জন্য জমাকৃত প্রবন্ধ ফেরত দেয়া হবে না।
১২. জার্নালে প্রবন্ধ প্রকাশের বিষয়ে সম্পাদনা বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

ধন্যবাদান্তে

(প্রফেসর ড. মুহাম্মদ আশরাফুল আলম)

সম্পাদক

জার্নাল সম্পাদনা বোর্ড (২০১৮-২০১৯)

ধর্মতত্ত্ব ও ইসলামিক স্টাডিজ অনুষদ

দি ইসলামিক ইউনিভার্সিটি স্টাডিজ

ভলিউম-২১, ১ম ও ২য় সংখ্যা

ও

চেয়ারম্যান

আল-হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ

ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া

মোবাইল: ০১৭১২০০১১২৬